দৈনিক বাংলা

51

তারিখ 19 MAR 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

# ভিসি'র বাড়ির সামনে ছাত্র বিক্ষোভ

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলা, ভাইস-চ্যান্সেলরের পদত্যাগ এবং সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে ৯ ছাত্র সংগঠন ২২শে মার্চ থেকে ভিসি'র বাসভবনের সামনে লাগাতার অবস্থান ধর্মঘট পালন করবে। রোববার ভিসি'র বাসভবনের সামনে বিক্ষোভ (৩-এর পৃঃ দ্রঃ)

## ছাত্র বিক্ষোভ

(প্রথম পৃঃ পর)

প্রদর্শন-কালে এ কর্মসূচী ঘোষণা করা হয়।

বিক্ষোভ চলাকালীন সমাবেশে বক্তৃতা করেন মুশতাক হোসেন, শফি আহমদ প্রমুখ। তাঁরা বলেন, বর্তমান ভিসিকে ছাত্রসমাজ আর একটি দিনের জন্যেও তাঁর পদে দেখতে চায় না।

ছাত্রনেতারা অভিযোগ করেন যে, অস্ত্রধারী বিভিন্ন গ্রুপকে পৃষ্ঠপোষকতা করে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুন্ন করার ষড়যন্ত্রের প্রধান সহযোগীর ভূমিকায় অবতীর্ণ হয়েছেন প্রফেসর আবদুল মান্নান।

তাঁরা ভিসি'র উদ্দেশ্যে প্রশ্ন রাখেন যে ছাত্রী মিছিলে হামলা, কনক, আরিফ, লিটন হত্যার বিচার আজও কেন করা হল না?

ছাত্র নেতারা বলেন, অনির্দিষ্ট-কালের জন্যে বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার মধ্যে সমাধান খুঁজে পাওয়া যাবে না।

বিক্ষোভ সমাবেশে আরও বলা হয়, আপোসে পদত্যাগ না করলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে আন্দোলনের মাধ্যমে ভিসিকে পদ-ত্যাগে বাধ্য করা হবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।